একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

উপজেলা পরিষদ

গোলাপগঞ্জ, সিলেট

ডিসেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মিলটন চন্দ্র পাল, প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ২৬ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্য সূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের ভিন্ন ভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য শুরু করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২৪-২০২৫ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার বিভগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২৪-৯০ তারিখঃ ১৪/১০/২০২৪ইং মূলে ১ম কিস্তি হিসেবে ইতোমধ্যে ২৩.২৪ লক্ষ টাকা থোক বরাদ্দ পাওয়া গিয়েছে। ১ম কিস্তির সহিত সামঞ্জস্য রেখে এরুপ ৪(চার) কিস্তিতে মোট ৯২.৯৬ লক্ষ টাকা থোক বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। তাছাড়া রাজস্ব উর্দ্বৃত্ত হিসেবে ১০১.১৫ লক্ষ টাকা উন্নয়ন তহবিলে জমা রয়েছে। অতএব ২০২৪-২০২৫ইং অর্থ বৎসরে সর্বমোট ১৯৪.১১ লক্ষ টাকার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা যেতে পারে মর্মে তিনি জানান।<br>তিনি আরো জানান যে, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ সুষ্টভাবে প্রণয়নের লক্ষ্যে "যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির" সভা গত ৩১ অক্টোবর ২০২৪ইং তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত কমিটি মোট ৬৩টি প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের পক্ষে মতামত প্রদান করেন। পরবর্তীতে ৬৩টি প্রকল্পই প্রকৌশল শাখা হতে সরেজমিন পরিদর্শন ও পরিমাপ গ্রহণ করে খসড়া প্রাক্কলন প্রস্তুত করা হয়। যেখানে প্রাক্কলিত **মূল্য** দাড়ায় প্রায় ২ কোটি ৩৯ লক্ষ টাকা।<br>তিনি আরো জানান যে, "যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির" সুপারিশকৃত প্রকল্পসমূহ হতে পরিকল্পনা প্রণয়ণের লক্ষ্যে ২১ নভেম্বর ২০২৪ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা "প্রকল্প বাছাই কমিটির" সভায় বিশদভাবে আলোচিত হয়। বাজেট সংকুলন না হওয়ায় বাজেট বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ রেখে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ প্রণয়ণের জন্য সবগুলো প্রকল্প সরেজমিন পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ডিসেম্বর ২০২৪ মাসের উপজেলা পরিষদের সভায় পরিকল্পনা অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দৃত্ত) এর মোট বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ থেকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ প্রণয়ন ও বাস্তবায়ন করার জন্য বর্ণিত ক্রয় পদ্ধতি অনুযায়ী সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো। বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) চলাকালীন তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণয়নকৃত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য পরিপত্র অনুযায়ী সকল | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

CamScanner

করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। নির্দেশনা মোতাবেক সরেজমিন সকল স্কীমসমূহ উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সহ পরিদর্শন করা হয় এবং অধিক গুরুত্বপূর্ণ স্কিমসমূহ চিহ্নিত করে নুন্যতম প্রয়োজন অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে মর্মে উপজেলা প্রকৌশলী জানান। প্রস্তুতকৃত প্রাকলন সমূহ নিম্নরূপঃ-

| ক্র নং | ইউনিয়নের নাম | কাজের নাম | প্রাক্কলিত মূল্য (টাকা) | ক্রয় পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | বাঘা ইউনিয়ন | বাঘা ইউনিয়নের ২নং ওয়ার্ডের তুরুকভাগ পশ্চিম পাড়া রাস্তার কামাল বাড়ীর সামন হতে আজির মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৫২৫৬৭৮.০০ | Tender |
| ২ | | বাঘা ইউনিয়নের ৩নং ওয়ার্ডের জালাল নগর পশ্চিমপাড়া বুরহান উদ্দিন রোড হইতে প্রদীপ চন্দ্রের বাড়ি পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৪৫৫৩০০.০০ | " |
| ৩ | | বাঘা ইউনিয়নের ৩নং ওয়ার্ডের রুস্তমপুর হাতিম নগর সরকরী প্রাথমিক বিদ্যালয় রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৫১৮০৩৩.০০ | " |
| ৪ | গোলাপগঞ্জ ইউনিয়ন | গোলাপগঞ্জ ইউনিয়নের ৪নং ওয়ার্ডের রানাপিং শাহী ঈদগাহ রোড সুরমা নদীর ডায়েক পর্যন্ত রাস্তার অসমাপ্ত অংশ CC দ্বারা উন্নয়ন। | ৪২৪০৯৩.০০ | " |
| ৫ | | গোলাপগঞ্জ ইউনিয়নের ৫নং ওয়ার্ডের রানাপিং সরকারী প্রাথমিক বিদ্যালয় পূর্ব চন্দনভাগ রাস্তার অসমাপ্ত অংশ CC দ্বারা উন্নয়ন । | ৪১২১২৭.০০ | " |
| ৬ | | গোলাপগঞ্জ ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে খেলাধুলার সামগ্রী ও শিক্ষা উপকরণ বিতরণ। | ২০০০০০.০০ | PIC |
| ৭ | ফুলবাড়ী ইউনিয়ন | ফুলবাড়ী ইউনিয়নের ২নং ওয়ার্ডের পশ্চিম মদনগৌরী গ্রামের মধ্য দিয়ে একটি সরকারী রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন। | ৪৭৫৫০০.০০ | Tender |
| ৮ | | ফুলবাড়ী ইউনিয়নের ৩নং ওয়ার্ডের মৃত তোয়াহিদ আলী'র বাড়ী হতে মোকলেস আলীর বাড়ী পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৪৬৩০০০.০০ | " |
| ৯ | | ফুলবাড়ী ইউনিয়নের ৫নং ওয়ার্ডের কায়স্তগ্রাম মৌজার কমিউনিটি ক্লিনিক হতে দেওয়ান সড়ক মুখী রাস্তার কালভার্ট পযন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৫৯০৫২২.০০ | " |
| ১০ | লক্ষীপাশা ইউনিয়ন | লক্ষীপাশা ইউনিয়নের ২নং ওয়ার্ডের উত্তর লক্ষীপাশা আবু আলী গ্রামে নিমার আলী সাহেবের বাড়ির সামন হতে এহছানুল হক বাচ্চু সাহেবের বাড়ির সামন পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৪৭৯১৭৪.০০ | " |
| ১১ | | লক্ষীপাশা ইউনিয়নের ৩নং ওয়ার্ডের জাঙ্গালহাটা ঢালাইর মুখ হতে কেনদর তল পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৫৩৪৪৬৭.০০ | " |
| ১২ | | লক্ষীপাশা ইউনিয়নের ৪নং ওয়ার্ডের পাকা রাস্তার মুখ থেকে হতে ইসলাম উদ্দিন জোয়ারদারের বাড়ীর পিছন পর্যন্ত এলাকার জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণ। | ৪০১২৩১.০০ | " |
| ১৩ | | লক্ষীপাশা ইউনিয়নের ৬নং ওয়ার্ডের মরহুম হাফিজ জয়নুর রহমানের বাড়ির সামন হতে কতোয়ালপুর কেন্দ্রীয় জামে সমজিদ মুখী রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৪৬৩৫৫০.০০ | " |
| ১৪ | বুধবাড়ীবাজার ইউনিয়ন | বুধবাড়ীবাজার ইউনিয়নের ৬নং ওয়ার্ডের কালিডহর হান্নান মিয়ার বাড়ীর পূর্বের গেইট হইতে বনগ্রাম কালিডহর | ৫৫০২০০.০০ | " |

বাস্তবায়নকারী দপ্তর সংস্থা কে নির্ধারিত সময়কাল অনুযায়ী বর্ণিত কর্মসূচি সমূহ বাস্তবায়নের অনুরোধ করা হলো।

CamScanner

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | রাস্তা পর্যন্ত রাস্তার পাশে গার্ড ওয়াল নির্মাণ। | | | | |
| | | ১৫ | | বুধবাড়ীবাজার ইউনিয়নের ১নং ওয়ার্ডের কোটালীপাড়া বসন্তপুর সড়কের শাহআলমের বাড়ীর নিকট হতে কটালী পাড়া মাদ্রাসা পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৪৮৩৪১৬.০০ | " | | |
| | | ১৬ | | বুধবাড়ীবাজার ইউনিয়নের ৪নং ওয়ার্ডের কালিগুরী আপু মিয়ার বাড়ীর নিকটের কালভার্ট হইতে কবিরউদ্দীন সাহেবের'র বাড়ীর নিকট পর্যন্ত রাস্তা CC দ্বারা উন্নয়ন। | ৩৬৮৯৪৭.০০ | Tender | | |
| | | ১৭ | | ঢাকাদক্ষিণ ইউনিয়নের ৫নং ওয়ার্ডের আব্দুল মালিকের বাড়ীর সামন হতে নগর টীল ব্রীজ পর্যন্ত গার্ড ওয়াল নির্মাণ। | ৩৪২৫৭০.০০ | " | | |
| | | ১৮ | | ঢাকাদক্ষিণ ইউনিয়নের ৬নং ওয়ার্ডের সুনামপুর ঈদগাহ রাস্তা হিইতে চুনু মিয়ার মার্কেটের সামন পর্যন্ত রাস্তা CC দ্বারা উন্নয়ন। | ১৫১৭৪৩.০০ | " | | |
| | | ১৯ | ঢাকাদক্ষিণ ইউনিয়ন | ঢাকাদক্ষিণ ইউনিয়নের ৬নং ওয়ার্ডের আহমদপুর গ্রামের জনাব মহব্বির আলীর বাড়ির উত্তর পাশে এবং দক্ষিণ সুনামপুর রাস্তায় মুন্সী বাড়ির সামনে ২ টি ড্রেইন কালভার্ট নির্মাণ। | ২৮২৫৪৫.০০ | " | | |
| | | ২০ | | ঢাকাদক্ষিন ইউনিয়নের ৮নং ওয়ার্ডের পশ্চিম বারকুট দরগাহ জামে মসজিদ সংলগ্ন ঈদগাহ'র উন্নয়ন। | ৫২০২৩৩.০০ | " | | |
| | | ২১ | | ঢাকা দক্ষিণ ৪নং ওয়ার্ডের আল-আকসা মসজিদ হতে রায়গড় বাইপাস মুখী রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৫০৩১৬৬.০০ | " | | |
| | | ২২ | | ঢাকাদক্ষিন ইউনিয়নের ঢাকাদক্ষিন বাজারের জলাবদ্ধতা নিরসনে কাকেশ্বরী খাল পুনঃখনন, সংস্কার ও পুনরুদ্ধার কার্যক্রম। | ২০০০০০.০০ | PIC | | |
| | | ২৩ | | লক্ষনাবন্দ ইউনিয়নের ৯নং ওয়ার্ডের কুড়িবাজার পশ্চিমটুল-করগ্রাম রাস্তায় নুবেলের বাড়ীরর সামন হইতে আবুল ডাক্তারের বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২৯২৭০৫.০০ | Tender | | |
| | | ২৪ | লক্ষনাবন্দ ইউনিয়ন | লক্ষনাবন্দ ইউনিয়নের ২নং ওয়ার্ডের মাদারখাপাড়া খালিক মিয়ার বাড়ীর সামন হইতে এড. সুরুজ আলী চেয়ারম্যান সাহেবের বাড়ীর সামনের রাস্তায় ড্রেইন কালভার্ট নির্মাণ। | ২৪৯৬৮৭.০০ | " | | |
| | | ২৫ | | লক্ষনাবন্দ ইউনিয়নের ৬নং ওয়ার্ডের পুর্ব ফুলসাইন্দ তেরা মিয়ার বাড়ীর সামন হইতে আমীন মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৩৭০৮৫১.০০ | " | | |
| | | ২৬ | | লক্ষনাবন্দ ইউনিয়নের ১নং ওয়ার্ডের ইসলামাবাদ এলজিইডির রোড হতে ইয়েফ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তার অবশিষ্ট রাস্তা CC দ্বারা উন্নয়ন। | ১৭১৭২৬.০০ | " | | |
| | | ২৭ | | ভাদেশ্বর ইউনিয়নের ২নং ওয়ার্ডের ফাতেহখানি জামে মসজিদের সামনের রাস্তায় ড্রেন নির্মাণ। | ৩৪৯২৭৮.০০ | " | | |
| | | ২৮ | ভাদেশ্বর ইউনিয়ন | ভাদেশ্বর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের দক্ষিণ ভাগ মরহুম আফতাব আলী সাহেবের বাড়ির সামনের ঢালাই রাস্তার মুখ হইতে পশ্চিমটিলা ও কাছরটিলা যাওয়ার রাস্তা RCC দ্বারা উন্নয়ন ও ঢালাই রাস্তার পুলের মুখে গার্ড ওয়াল নির্মাণ। | ৬২৭৪১৪.০০ | " | | |
| | | ২৯ | | ভাদেশ্বর ইউনিয়নের ৩নং ওয়ার্ডের | ১৭৩৯১৫.০০ | " | | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মজম্মর মিয়ার বাড়ির নিকট হইতে ফুরুক মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা CC দ্বারা উন্নয়ন। | | | | |
| | | ৩০ | | ভাদেশ্বর ইউনিয়নের ইবনে সিনা কালেকশন এন্ড কনসালটেশন সেন্টার, মীরগঞ্জ রাস্তা RCC দ্বারা উন্নয়ন (প্রথম অংশ-১১২ মিটার)। | ৫৬৭৯১১.০০ | " | | |
| | | ৩১ | | আমুড়া ইউনিয়নের ১নং ওয়ার্ডের আমুড়া বাঙ্গালীপুল মজাইদ আলীর বাড়ীর সম্মুখ হইতে সাহাব উদ্দিনের দোকনের সম্মুখ পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৪৮৯৮০১.০০ | " | | |
| | | ৩২ | | আমুড়া ইউনিয়নের ১নং ওয়ার্ডের মরহুম মহিউদ্দিন সাহেবের বাড়ীর সামনে পানি নিষ্কাশনের জন্য ড্রেইন নির্মাণ। | ১৭৬০০০.০০ | " | | |
| | | ৩৩ | আমুড়া ইউনিয়ন | আমুড়া ইউনিয়নের ৭ নং ওয়ার্ড এর শিলঘাট টিকরপাড়া পাঞ্জেখানা মসজিদের সম্মুখ হইতে জিলু মিয়ার বাড়ীর সম্মুখ পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন। | ৪১৪০১৩.০০ | " | | |
| | | ৩৪ | | আমুড়া ইউনিয়নের ১নং ওয়ার্ডের ডাকপাল - আমুড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় মুখী সড়কের সোল্ডার সুরক্ষার লক্ষ্যে গজারী গজারী পোষ্ট- ড্রামসিট প্রতিরক্ষা বেষ্টী নির্মাণ। | ১৯৫৪১১.০০ | PIC | | |
| | | ৩৫ | | আমুড়া ইউনিয়নের আমনিয়া মসজিদ হতে বরইঘাট সড়কের সোল্ডার সুরক্ষার লক্ষ্যে গার্ড ওয়াল নির্মাণ। | ১৬৯৮০৩.০০ | PIC | | |
| | | ৩৬ | | বাদেপাশা ইউনিয়নের ৪নং ওয়ার্ডের বাগলা উত্তর পাড়া গোরুস্থান হইতে পংকি মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা CC দ্বারা উন্নয়ন। | ৬৬৩০০০.০০ | Tender | | |
| | | ৩৭ | বাদেপাশা ইউনিয়ন | বাদেপাশা ইউনিয়নের ৫নং ওয়ার্ডের বাগলা মাইজ পাড়া খেলার মাঠ হইতে জমজেদ মেম্বারের বাড়ির ব্রীজ পর্যন্ত রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ৫১৭৭১৪.০০ | " | | |
| | | ৩৮ | | বাদেপাশা ইউনিয়নের ৬নং ওয়ার্ডের উত্তর আলমপুর মসজিদ হইতে নানু মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন। | ৪৩০৭১২.০০ | " | | |
| | | ৩৯ | | বাদেপাশা ইউনিয়নের ৯নং ওয়ার্ডের শান্তির বাজার ব্রিজ হতে রুহেল মিয়ার বাড়ির ব্রিজ পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন। | ২৮১৫৫৯.০০ | " | | |
| | | ৪০ | | শরীফগঞ্জ ইউনিয়নের ৩নং ওয়ার্ডের কালিকৃষ্ণপুর মডেল স্কুল রাস্তায় বিশু'র বাড়ীর সামন হতে দক্ষিনে হাকালুকি বাজার পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন। | ৫০৫৫৯৯.০০ | " | | |
| | | ৪১ | | শরীফগঞ্জ ইউনিয়নের ১নং ওয়ার্ডের রাংজিয়ল জামে মসজিদের ব্রীজ হইতে পূর্ব দিকে খাড়ারপাড় ব্রীজ পর্যন্ত রাস্তায় প্যালিসেডিং ওয়াল নির্মাণ। | ৭৬২৬১৫.০০ | " | | |
| | | ৪২ | শরীফগঞ্জ ইউনিয়ন | শরীফগঞ্জ ইউনিয়নের ৭নং ওয়ার্ডের এর দক্ষিণ পনাইরচক বড় ব্রীজ হইতে দক্ষিণ পনাইরচক সরকারী প্রাথমিক বিদ্যালয় মুখী রাস্তা CC দ্বারা উন্নয়ন। | ৪৪১৯৯০.০০ | " | | |
| | | ৪৩ | | শরীফগঞ্জ ইউনিয়নের পনাইরচক ৭নং ওয়ার্ড মেহেরপুর খালের ব্রীজ হতে পনাইরচক ব্রিজ পর্যন্ত অবশিষ্ট রাস্তা RCC দ্বারা উন্নয়ন। | ১৯৭১৮৩.০০ | PIC | | |
| | | ৪৪ | | শরীফগঞ্জ ইউনিয়নের নং ওয়ার্ডের নুরজাহানপুর ক্লিনিকের সামনের | ১২৫৭৫৯.০০ | PIC | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পুকুরপাড়ে গজারী পোষ্ট- ডামসিট প্রতিরক্ষা বেড়ী নির্মাণ। | | |
| ৪৫ | সকল ইউনিয়ন | <u>কৃষি ও ক্ষুদ্র সেচ</u> অংশের বিপরীতে (১) গোলাপগঞ্জ উপজেলার বাঘা, ফুলবাড়ী, উত্তর বাদেপাশা ও শরীফগঞ্জ ইউনিয়নের তেলা জাতীয় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে সরিষা বীজ ও সার বিতরণ এবং (২) গোলাপগঞ্জ উপজেলার গোলাপগঞ্জ, লক্ষীপাশা, বুধবারিবাজার, ঢাকাদক্ষিণ, লক্ষনাবন্দ, ভাদেশ্বর ও পশ্চিম আমুড়া ইউনিয়নের তেলা জাতীয় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে সরিষা বীজ ও সার বিতরণ। | ১৮৮০০০০.০০ | PIC ও সরাসরি ক্রয় |
| | | <u>মৎস ও প্রাণীসম্পদ</u> অংশের বিপরীতে (১) নিরাপদ প্রাণিজ প্রোটিন উৎপাদনের লক্ষ্যে গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে গবাদি পশুর লাম্পি স্কিন ডিজিজ রোগের ভ্যাকসিনেশন ক্যাম্পেইন এবং (২) ক্ষুদ্র নারী উদ্যোক্তা তৈরীর লক্ষ্যে নোয়াই মুরগি পালন সমিতির নারী উদ্যোক্তাদের মাঝে বাড়ন্ত মুরগি ও খাদ্য বিতরণ। | | |
| | | <u>ক্ষুদ্র ও কুটির শিল্প</u> অংশের বিপরীতে গোলাপগঞ্জ উপজেলায় ক্ষুদ্র ও কুটির শিল্প বিষয়ক বিভিন্ন কর্মসূচীর আয়োজন। | | |
| | | <u>শিক্ষার উন্নয়ন</u> অংশের বিপরীতে গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ বিতরণ। | | |
| | | <u>স্বাস্থ্যগত পরিচ্ছন্নতা</u> অংশের বিপরীতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অধীন স্বাস্থ্যগত পরিচ্ছন্নতা, প্রথমিক স্বাস্থ্য পরিচর্যা এবং ইপিআই কর্মসূচি বাস্তবায়ন। | | |
| | | <u>যুব ক্রীড়া ও সাংস্কৃতি</u> অংশের বিপরীতে গোলাপগঞ্জ উপজেলায় বিভিন্ন কর্মসূচীর আয়োজন। | | |
| | | গৃহীত উন্নয়ন প্রকল্পের তত্ত্বাবধান ও আনুসাঙ্গিক ব্যয় | | |
| | | মোটঃ | ১২৪২৫১৪১.০০ | |

উপজেলা প্রকৌশলী আরো জানান যে, বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) চলাকালীন তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণয়নকৃত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-১ শাখা হতে ২২ ডিসেম্বর ২০২৪ ইং তারিখে পরিপত্র জারি করা হয়েছে। উক্ত পরিপত্র অনুযায়ী সকল বাস্তবায়নকারী দপ্তর সংস্থা কে নির্ধারিত সময়কাল অনুযায়ী বর্ণিত কর্মসূচি সমূহ বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল।

| | | | | |
|---|---|---|---|---|
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ২২,৫৫৯জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৭৩০ জন, ইর্মাজেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ২৫৭৭ জন, নরমাল প্রসব সেবা ৭০ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১৬৩ টি, সিজারিয়ান প্রসব সেবা ০২ জন। ল্যাব টেষ্ট ৪৮০। আরবিএস ১৩৫। হাসপাতালে কর্মরত মেডিকেল অফিসার হিসাবে ০৪ জন কর্মরত থাকায় সেবাসমূহ বিঘ্নিত হচ্ছে। বৈষম্য বিরোধী আন্দোলনের আহতদের তালিকা চলমান রয়েছে। | মেডিকেল অফিসার এর পদ শূন্যের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা স্বাস্থ্যওপ.প. কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিতি | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প.প. কমকর্তা |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিতি নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়। | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ /উপজেলা কৃষি কমকর্তা |
| ২/৫ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিক ভাবে উপস্থিতি নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়। | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা |
| ২/৬ | প্রানি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে গবাদি পশুর চিকিৎসা ২০৬৩ টি, হাঁস মুরগীর চিকিৎসা ২৭৪৬১ টি, কৃত্রিম প্রজনন ১৫৬ টি, গবাদি পশুর টিকা প্রদান ২৪৪৮ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ১১৫০০ টি, উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারন ২.৫একর, উঠান বৈঠক আয়োজন ০৬ টি, ভেকসিনেশন ক্যাম্পেইন ০৫ টি, ফ্রি ভেটেরিনারী মেডিকেল টিম ০০ টি। | গবাদি পশু ও হাঁস মুরগীর টিকা কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান,২০২৪-২৫ অর্থবছরের ১ম ও ২য় পর্যায়ের মোট ১৪৬০ টি কম্বল বরাদ্দ পাওয়া গেছে। গোলাপগঞ্জ পৌরসভা সহ ১১ টি ইউনিয়নে দরিদ্র, প্রতিবন্ধী,হিজরা সহ পাওয়ার উপযোগী জনগণের মধ্যে বিতরণ করা হবে। জনসংখ্যা অনুযায়ী বিভাজন করা হয়েছে। দ্রুত বিতরণ সম্পন্ন করা হবে। | কম্বল বিতরণ কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ১ম থেকে ৩য় শ্রেণী পর্যন্ত গোলাপগঞ্জ উপজেলার ১৮০ টি স.প্রা.বিদ্যালয় ও ৭২ টি কিন্ডারগার্টেনে আগামী ০১/০১/২০২৫ তারিখ বই বিতরন করা হবে। এছাড়া বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সকল স.প্রা. প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডার গার্টেনে সুষ্ঠুভাবে বই বিতরনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, পাঠ্যপুস্তক এখনও আমাদের হাতে আসে নাই। একটি প্রেস আর্মি/মিলিটারী প্রিন্টিং প্রেস হতে একজন প্রতিনিধি ৯ম শ্রেণীর পাঠ্যবই পাঠাতে পারবে বলে জানিয়েছে। ভর্তি কার্যক্রম চলমান আছে। উপজেলা কমিটি ইহা মনিটরিং করছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার রুমখানা মেরামতের জন্য পরিষদের দৃষ্টি আকর্ষন করা হয়। | পাঠ্যপুস্তক দ্রুত আসার ব্যবস্থা করা সহ সুষ্ঠুভাবে ভর্তি কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় অনুপস্থিত থাকায় ঐ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিতি নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়। | প্রশাসক/উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০২৪-২৫ অর্থ বছরের দ্বিতীয় কিস্তির সেরোফ প্রেরণ করা হয়েছে। গোলাপগঞ্জ উপজেলার বয়স্ক বিধবা ও প্রতিবন্ধী উপকারভোগী যারা আছেন তাদের সকলের মোবাইল (নগদ) একাউন্টে টাকা পাঠানো হয়েছে। ইতিমধ্যে গোলাপগঞ্জ উপজেলায় বরাদ্দকৃত বয়স্কভাতা ১১০০ জন এবং বিধবা ভাতার জন্য ১৫১৭ জন উপকারভোগীর জন্য বরাদ্দ এসেছে এবং ঐ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানকে অবহিত করা হয়েছে। সকল চেয়ারম্যানকে আবেদনকৃত তালিকা হতে সঠিক উপকারভোগী যাচাই করে আগামী ০৯/০১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে পাঠানোর জন্য অনুরোধ করা হয়। | বয়স্ক ও বিধবা ভাতার কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, জানুয়ারি/২৫ মাসে বায়োগ্যাস প্লান্ট স্থাপন সংক্রান্ত প্রশিক্ষণ হতে যাচ্ছে। চেয়ারম্যান মহোদয়দেরকে খামারীদের তালিকা এবং প্লান্ট স্থাপন করতে ইচ্ছুকদের তালিকা দিতে বলা হয়। এ বছর কমপক্ষে ১৫ টি প্লান্ট স্থাপন করা হবে। | বায়োগ্যাস প্লান্ট স্থাপন কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে ঋণ বিতরন ১৩.৭৮ লক্ষ টাকা এবং ঋণ আদায় ২২.৫০ লক্ষ টাকা। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক চলছে। | উপকারভোগীদের ঋণ আদায়ের হার বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, চলতি মাস পর্যন্ত ৬৮ টি সমিতির অডিট কার্য সম্পন্ন হয়েছে। চলতি মাসে ৫ টি সমিতি পরিদর্শন করা হয়েছে। সিভিডিপি প্রকল্পের আওতায় ২৪০ জনকে একদিন ব্যাপী দিন ব্যাপী মাসিক যৌথ সভা ও ই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | অডিট কার্য এবং সিভিডিপি প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অভ্যন্তরীন আমন সংগ্রহ ২০২৪-২৫ কার্যক্রম চলমান রয়েছে। অত্র উপজেলায় সংগ্রহ লক্ষ্যমাত্রা ধান ৮৬১,০০০ মে.টন, সিদ্ধ চাল ৩০,০০০ মে.টন এবং আতপ চাল ৭৪,০০০ মে.টন। সংগ্রহের পরিমাণ সিদ্ধ চাল ৩০,০০০ এবং ধান ১১৬,০০০ মে.টন সংগ্রহ করা হয়েছে। | ধান সংগ্রহ কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, সার্বিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, সার্বিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। বর্তমানে কোন লোডশেডিং নেই। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের স্বার্থে বর্তমানে গাছের ডালপালা কর্তন এবং লাইন রক্ষানবেক্ষন কাজ চলমান রয়েছে। ট্রান্সফর্মার চুরি রোধে সম্মানিত গ্রাহকগনকে সচেতন করার লক্ষ্যে মাইকিং করা হয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ ও ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করা হয়। | ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধি এবং সঠিক সময়ে বিদ্যুৎবিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় সভায় জানান,মোট সমিতির সংখ্যা ২৮১ টি, মোট সদস্য ১০৭০২ টি, মোট সঞ্চয় ৫ কোটি ৯০ লক্ষ টাকা, মোট আউটস্ট্যান্ডিং ১৭৪৪১৫২৬৫ টাকা। ২০২৪-২৫ অর্থবছরে ৫ মাসে মোট সঞ্চয় লক্ষ্যমাত্রা ৮৯ লক্ষ ০৫ হাজার টাকা আদায় হয়েছে ১৭.৭৫ টাকা,ঋণ বিতরন লক্ষ্যমাত্রা ৮ কোটি ৬৬ লক্ষ বিতরণ হয়েছে ২ কোটি ৭৫ লক্ষ টাকা।ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৮ কোটি ১২ লক্ষ টাকা আদায় ৬৫ লক্ষ ৬৮ হাজার টাকা। বর্তমানে গোলাপগঞ্জ শাখা ৪ লক্ষ ৩৫ হাজা টাকা লাভ করেছে।সিলেট জেলায় ২য় স্থান অর্জন করেছে। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, বিগত মাস পর্যন্ত ঋন বিতরন ৭৮ লক্ষ ৯৫ হাজার টাকা, ঋন আদায় ১০৮ লক্ষ ০৪ হাজার টাকা। হার ৯৩%।মোট পাওনা ২ কোটি ১৬ লক্ষ ৪০ হাজার টাকা। সুফলভোগীদের সংখ্যা ৬১৫ জন। সুফল ভোগীদের সঞ্চয় জমার পরিমান ৬৯ লক্ষ ৫০ হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, গত ০২/১২/২০২৪ সেচ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী শরীফগঞ্জ ইউনিয়নের নুজাহানপুর সেচ স্কীমটি নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে উক্ত স্কীমটি নির্মাণ কাজ চলমান আছে। এছাড়াও ফুলবাড়ি ইউনিয়নের হাজীপুর লরিফর সোলার সেচ স্কীম ম্যানেজারের উদাসীনতার জন্য বর্তমানে বন্ধ আছে। এ বিষয়ে উপজেলা সেচ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ম্যানেজারকে চিঠি প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান ও উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন যেন সেচ স্কীমটি চালানোর প্রয়োজনীয় সাহায্য প্রদান করার জন্য অনুরোধ করেন। | নির্মাণ কাজটি ভালভাবে পরিদর্শন করার জন্য এবং নির্ধারিত ড্রইংডিজাইন অনুসারে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ২২ | ফায়ার সার্ভিস বিভাগ | গোলাপগঞ্জ ফায়ার সার্ভিস ষ্টেশন অফিসার সভায় জানান যে, গোলাপগঞ্জ পয়েন্ট, হেতিমগঞ্জ পয়েন্ট, ঢাকাদক্ষিন পয়েন্ট, ভাদেশ্বর পয়েন্ট সবগুলি পয়েন্টে ট্রাফিক ডিউটি থাকা অবস্থায় রাস্তার উপর বাস দাড় করে পেসেঞ্জার উটানামা করা হয় এতে যানজট সৃষ্টি হয়। এই বিষয়টির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান। | স্থানীয় লোকজন ও জন প্রতিনিধিদের সাথে আলোচনাক্রমে যানজট নিরসনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার |
| ২/ ২৩ | চেয়ারম্যান, শরীফগঞ্জ ইউপি | চেয়ারম্যান, শরীফগঞ্জ ইউপি সভায় জানান, (ক) ২০২৩-২৪ অর্থবছরের ইউনিয়নের উন্নয়ন সহায়তা তহবিলের কাজের এম আই এস হচ্ছেনা। তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান (খ) কাদিপুর/নুরজাহানপুর রাস্তায় সরকারি সার্ভেয়ারের মাধ্যমে সার্ভে করার জন্য সভায় অনুরোধ জানান। | সংশ্লিষ্ট বিষয় (ক) এম আইএস কার্যক্রম পর্যবেক্ষন পূর্বক আগামী সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে। (খ) সহকারি কমিশনার (ভূমি), গোলাপগঞ্জকে সরেজমিন তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ সহকারি কমিশনার (ভূমি)/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৪ | চেয়ারম্যান, বুধবারীবাজার ইউপি | চেয়ারম্যান, বুধবারীবাজার ইউপি সভায় জানান (ক) ৪ নং ওয়ার্ড কালিজুরী নয়া খাল খনন করা জরুরী প্রায় তিন কিলো মিটার খনন হলে ৪/৫ টি ইউনিয়ন উপকৃত হবে (খ) নদী তীরবর্তী এলাকা নদীর পাড়ে যে ডাইক দেয়া ছিল এই ডাইক প্রায় জায়গায় নদী গর্ভে চলে গেছে বর্ষা আশা মাত্র প্লাবিত হয়ে যায়, তাই জরুরীভিত্তিতে ডাইক মেরামতের জন্য সভায় অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিষয়ে (ক) খুব দ্রুত কাজ করার জন্য বিএডিসি কেচকে অনুরোধ করা হয় (খ) নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ডকে অবগত করা যেত পারে। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৫ | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি সভায় জানান, (ক) ফুলসাইন্দ দাসপাড়া ভমের বাড়ি ১৪ টি পরিবারের ঘরের চালের উপর এলোমেলোভাবে বৈদ্যুতিক সার্ভিস লাইন থাকার কারনে যেকোন সময় দূর্ঘটনা ঘটতে পারে, একটি খুটি সংযুক্ত করে ঝুকিমুক্ত করার প্রস্তাব সভায় উপস্থাপন করেন (খ) লক্ষনাবন্দ ইউনিয়ন প্রাথমিক বৃত্তি পরীক্ষায় সার্বিক সহায়তা করায় প্রাথমিক শিক্ষা অফিসারকে আন্তরিক ধন্যবাদ জানান। | সংশ্লিষ্ট বিষয়ে (ক) ডিজিএম পল্লীবিদ্যুৎ, গোলাপগঞ্জকে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং(খ) ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৬ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদে আসবাবপত্র (সোফা: ২সিটের ২টি, ১সিটের ১টি; সেন্টার টেবিল ১টি ও এক্সিকিউটিভ চেয়ার ১টি) ক্রয়ের জন্য আনুমানিক ২লক্ষ টাকা প্রয়োজন হবে; যাহা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় খাত হতে ব্যয় এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) এর মাধ্যমে ক্রয় কার্যক্রম সম্পাদন করা যাবে মর্মে তিনি জানান।<br>তিনি আরও জানান যে, Flood প্রকল্পের আওতায় অত্র উপজেলার ৮নং ভাদেশ্বর ইউনিয়নের অন্তর্ভূক্ত ভাদেশ্বর ইউপি (মোকাম বাজার)- ডেপুটি বাজার- ঘোয়াসপুর- শিকপুর- মীরগঞ্জ বাজার সড়কের চেইনেজ ৬২৭০মিটারে বিদ্যমান পুরাতন Culvert অত্র এলাকার বর্ষা মৌসুমের পানি নিষ্কাশনের জন্য যথার্থ না হওয়ায় প্রতিবছরই রাস্তাটি বন্যায় নিমজ্জিত হয় এবং সড়কটি বেশ কয়েক | (ক) উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর অফিস ঘরের প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় প্রস্তাব মতে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ভাদেশ্বর ইউনিয়নের বর্ণিত সড়কের বিদ্যমান | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলা প্রকেশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জায়গায় Washout হয়। তৎপ্রেক্ষিতে উক্ত স্থানে একটি ডাবল ভেন্ট কালভার্ট নির্মাণ করার লক্ষ্যে ইতোমধ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের সহিত নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট মহোদয় চুক্তি স্বাক্ষর করেছেন। ফলে পুরতান Culvert টি নিলামে বিক্রয়ের লক্ষ্যে ৪০৫০.০০ (চার হাজার পঞ্চাশ) টাকার পুরাতন মালামালের একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত Culvert টি নিলামে বিক্রয়ের জন্য পরিষদের সদয় অনুমোদন প্রয়োজন মর্মে তিনি জানান।<br>উপজেলা প্রকৌশলী আরও জানান যে, গোলাপগঞ্জ উপজেলার প্রতিটি ইউনিয়নে মশক নিধন কার্যক্রমের জন্য মশার লার্ভা ধ্বংস করার লক্ষ্যে প্রতি ইউনিয়নে ১০০০০/- (দশ হাজার) টাকার মশার লার্ভা ধ্বংসকারী ঔষধ সরাসরি ক্রয় করা যেতে পারে; যাহা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে মর্মে তিনি জানান।<br>(খ) উপজেলা পরিষদের অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৫০,০০০/- বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | পুরাতন Culvert টি নিলামে বিক্রয়ের জন্য এবং মশক নিধন কার্যক্রমের জন্য প্রতি ইউনিয়নে ১০০০০/- (দশ হাজার) টাকার মশার লার্ভা ধ্বংসকারী ঔষধ সরাসরি ক্রয়ের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(খ) উপজেলা পরিষদের অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৫০,০০০/- বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয়অনুমোদন ও অবহিতকরন | | ডেইলি সান, বাংলাদেশ প্রতিদিন, মানবজমিন,জালালাবাদ,স্বাধীন বাংলা, জালালাবাদ পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ (৯,৮২০/-+১৭৫৭৭/-+৪০৪৫৫/-+২৮৩৬৫/-+২৩০৬৪/-+৪১৭৯/-) চেক প্রদান চেক নং ৮৪০৪১৮৮-৯৩ তাং৩/১১/২৪। ভ্যাট ও আয়কর বাবদ (১৯৯১৩/-+৫৩১১/-) চেক প্রদান চেক নং৮৪০৪১৯৪-৯৫ তাং৩/১১/২৪। | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয় এবং পিপি আর ২০০৮ অনুসরন পূর্বক ব্যয় করার নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভায় সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। । উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

CamScanner

মিলটন চন্দ্র পাল
প্রশাসক
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.১৫১৮

তারিখঃ ২৬/১১/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৬। প্রশাসক, গোলাপগঞ্জ পৌরসভা।
০৭। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৮। উপজেলা----------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৯। চেয়ারম্যান--------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
১০। অফিস নথি/ মাষ্টার ফাইল।

মিলটন চন্দ্র পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান,০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২০ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২২ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৮ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৯ | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ১ | উপজেলা কৃষি কর্মকর্তা | |
| ২ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ৩ | উপজেলা পরিবার পরিকলপনা কর্মকর্তা | |
| ৪ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ) | |

CamScanner